

ভারতবর্ষ ২০০৫

অর্ণব দত্ত

১

১

সাম্যবাদী

আপনি ভদ্রলোক না কম্যুনিষ্ট?
আমি জানতে চাই না। জানার কোন ইচ্ছেই নেই।
আপনি কম্যুনিষ্ট না ভদ্রলোক?
তাও জানতে চাই না।
তবে কি জানতে চাই আমি?
আপনি কোন পার্টির?
কোন মন্ত্রীর? নাকি পলিটবুরোর?
নাকি আপনি ভারতের? না আমেরিকার? না সাবেক সোভিয়েটের ছিলেন কোনোকালে?
তাও না।

আমি জানতে চাই,
আপনি কি চাষীর না লাঙলের না পার্টির প্রতীক কাস্তের?
আপনি কি মজুরের না হুগলির কালো জলের না পার্টির প্রতীক হাতুড়ির?

আপনি কি আমার?
নাকি আপনি আপনার?

২

হরিজন

মহাত্মা হাঁটছেন ডাবির পথে।
(হয়ত মহাত্মা বেশধারী কোন বালক বা বৃদ্ধ)
লাঠির ঘায়ে তৈরী গর্তগুলি রক্তে পূরবে ভবিষ্যতে।

আর ছাইতো।
হরিয়ানায় কায়েতে পোড়ালো নারায়ণের ঘর
সেই ছাই
বিহারে দলিত ছেলের রক্ত দিল বামুনের মেয়ে বিয়ে করে
সেই রক্ত

সেই গর্তে বীজ পড়ল পঞ্চবটের,
তাকে ঘিরে উঠল মছল গোলাপের বন।
৩০০৫ সালে মক্কা কাশীর মুচ ধুংসাবশেষ
আর্কিওলজিক্যাল সার্ভের হাতে তুলে দিয়ে মানুষ ছুটছে
হরিজনপুরায়। রক্তকরবীর মালা গ়েখে।

৩ শাটী

শ্রীরামকৃষ্ণ বিদ্যাসাগর মহাশয়ের কাছে গেলেন,
তাঁর পরনে ছিল শাটী,
আগামীকাল র্যাম্প হাঁটবেন জন আব্রাহাম,
শাড়ী পরে।

পুরুষ, তুমি একচেটিয়া পুরুষ নও আজ,
নারী, তুমি একচেটিয়া নারী নও আজ,

তোমাদের অঙ্গ প্রত্যঙ্গে সেক্সের লেহন ঘন ঘন
কে পুরুষ? কে নারী?
সবাই তো শরীরের দাসদাসী,
কামনা-বাসনা আকাঙ্ক্ষার দাসদাসী

৪ টেলিভীষণ

এসো একটু জুয়ো খেলি।
থুড়ি গেম শো...

প্রশ্ন কোটি টাকার: দেশ স্বাধীন হয় কবে?

অপশনস্ : ক. ১৯৪৭, ১৫ অগস্ট

খ. ১৯৫০, ২৬ জানুয়ারি

গ. ১৯০৫, ১৬ অক্টোবর

ঘ. দেশ এখনও স্বাধীন হয়নি

উত্তর: ক. ১৯৪৭, ১৫ অগস্ট

ফলাফল: ভুল,

সঠিক উত্তর : ঘ. দেশ এখনও স্বাধীন হয়নি

কেন মশাই?

এই তো পতাকা, এই তো সরকার

এই তো শ্লোগান- বিশ্লোগান

এ আজাদি বুটা হয়

এ আজাদি সচ্চা হয়

মশাই দেশ তো আমাদেরই অধীনে, তার নিজের অধীনে কই?

এবার প্রশ্ন হাজার কোটির: দেশ কার অধীনে?...

চুপ করো অবিশ্বাসী, কথাটি কোয়ো না ...

৫

সেলিব্রিটি চরিতমানস

রঙচঙে রঙিন চশমা, বুক খোলা শার্ট রমনী-মোহন

সূক্ষ্মতম ব্লাউজের রেখার পাশে স্তনের ঈষৎ হাতছানি

কাঁচাপাকা চুলদাড়ি, অন্ধকারে সাদা পোষাকে অভিসার গমন

সম বিষম শয্যাপরে, ধরা পড়লেই মানহানি

বাইরে বৃষ্টি ভিজছে মা ভিজছে ছেলে ভিজছে মেয়ে

অন্ধকার বাসস্টপে ক্ষণে ক্ষণে ভয়ের মেগাসিটি

পার্টি মগন শাম্পেন বৃষ্টি কোমর হেলিয়ে নেচে গেয়ে

হাত নেড়ে যায়, হাত জোড় করে ওই আমাদের সেলিব্রিটি

৬
অটোমোবাইলস্

তবু অশোকচাকা এগিয়ে চলে।
চন্দ্ৰিশ কাঁটায় চন্দ্ৰিশ ঘন্টায়
কালনাগিনির নির্বিষে বিষাক্ত নীল
তবু গতি অনিবার
কালের যাত্রার ধ্বনি শুনতে কি পাও।
পাই!
তারি রথ নিত্যই উধাও
চলো ধাই!

বিমানে বিমানে আলোকের গানে
রেলো কামে ঝামাঝামে
হিরো হন্ডায় এই পথ যদি না শেষ হয়...

ওই দূরে এক পরিব্রাজক পদব্রজে ভারতবর্ষ পরিক্রমা করে চলেছেন
শতবর্ষ ধরে
২০০৫ সনেও

৩১ আশ্বিন, ১৪১২
বেহালা, কলকাতা
<http://groups.yahoo.com/group/sahitya>

